

## ৯৩ হাজার প্রতিষ্ঠানে শতভাগ পাস

প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী

### ■ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার ৯৩ হাজার ৬৭৯টি শিক্ষা প্রতিষ্ঠানের শতভাগ শিক্ষার্থী পাস করেছে। কেউ পাস করতে পারিনি ৮১টি শিক্ষা প্রতিষ্ঠানে। এদের মধ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় শতভাগ পাস করেছে ৮৫ হাজার ১১২টি শিক্ষা প্রতিষ্ঠানে। কেউ পাস করতে পারেনি এমন প্রতিষ্ঠান ৫৫টি। অন্যদিকে ইবতেদায়িতে শতভাগ পাস করেছে ৮ হাজার ৫৬৭টি শিক্ষা প্রতিষ্ঠান। কেউ পাস করতে পারিনি ২৬টি শিক্ষা প্রতিষ্ঠান। এই পরীক্ষায় গত বছর মোট ৯১ হাজার ২২৭টি শিক্ষা প্রতিষ্ঠানের সবাই পাস করে। আর ১৪৮টি প্রতিষ্ঠানের সবাই ফেল করে। এই হিসাবে এবার শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে ২ হাজার ৪৫২টি। আর শতভাগ ফেল প্রতিষ্ঠানের সংখ্যা কমেছে ৬৭টি। প্রাথমিক শিক্ষা সমাপনীতে এবার ৯৮ দশমিক ৫১ শতাংশ এবং ইবতেদায়িতে ৯৫ দশমিক ৮৫ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। প্রাথমিকে জিপিএ-৫ পেয়েছে ২ লাখ ৮১ হাজার ৮৮০ জন এবং ইবতেদায়িতে পাঁচ হাজার ৯৪৮ জন।